

# গাধারূপী বাচ্চা


- Lindiwe Matshikiza
- Meghan Judge
- Asma Afreen
- Bengali
- Level 3



প্রথমে একটি ছোট মেয়ে দূরে একটি রহস্যময় আকারের কিছু দেখতে পায়।



আকারটি কাছে আসতে থাকলে, সে দেখে যে ইহা একজন গর্ভবতী মহিলা।



লজ্জাবতি কিন্তু সাহসী ছোট মেয়েটি মহিলার কাছে আসল। “আমাদের উচিত তাঁকে আমাদের কাছেই রাখা,” ছোট মেয়েটির সম্প্রদায় সিদ্ধান্ত নিল। “আমরা তাঁকে এবং তাঁর বাচ্চাকে নিরাপদে রাখব।”



বাচ্চাটির শীঘ্রই জন্ম হবে। “চাপ দাও!” “কম্বল আন!” “পানি” “চাপ দাআআআওওও!!!”



কিন্তু যখন তারা বাচ্চাটিকে দেখল, সবাই শঙ্কিত হয়ে পিছনে লাফিয়ে পড়ল। “গাধা?!”



সবাই তর্ক শুরু করল। “আমরা বলেছিলাম আমরা মা ও তাঁর বাচ্চাকে নিরাপদে রাখব, এবং আমরা তাই করব,” কিছু লোক বলল। “কিন্তু তাঁরা আমাদের জন্য অভিশাপ বয়ে আনবে!” অন্যরা বলল।



আর তাই মহিলাটি আবার একা হয়ে পড়লেন। তিনি ভাবলেন তিনি এই অদ্ভুত বাচ্চাকে নিয়ে কি করবেন। তিনি ভাবলেন তিনি নিজেকে নিয়ে কি করবেন।



কিন্তু শেষ পর্যন্ত তাঁকে মেনে নিতে হল যে সে তাঁর বাচ্চা এবং তিনি তার মা।



এখন, বাচ্চাটি যদি সেই একই রকম, ছোট আকারের থাকত, তবে সবকিছু আলাদা হতে পারত। কিন্তু গাধারূপী বাচ্চাটি বড় হতে থাকল যতক্ষণ পর্যন্ত না তার আর মায়ের পিঠে জায়গা হল না। এবং সে যত কঠোর চেষ্টাই করুক না কেন, সে মানুষের মত ব্যবহার করতে পারত না। তার মা প্রায়ই ক্লান্ত এবং হতাশ হয়ে পড়তেন। কখনো কখনো তিনি তাকে পশুদের মত কাজ করতে দিতেন।



গাধার ভিতর বিভ্রান্তি এবং ক্রোধ জমতে থাকল। সে এটা করতে পারত না এবং সে ওটা করতে পারত না। সে এতটাই রাগান্বিত হল যে একদিন তার মাকে লাথি মেরে মাটিতে ফেলে দিল।



গাধা লজ্জায় কুঁকড়ে গেল। সে যথাসম্ভব দ্রুত দৌড়ে পালাতে থাকল।



যখন সে দৌড় থামাল, তখন রাত হয়ে গেল, এবং গাধা হারিয়ে গেল। “রাসভ?” সে অন্ধকারে ফিসফিস করল। “রাসভ?” এটি প্রতিধ্বনিত হয়ে ফিরে আসল। সে একা ছিল। নিজেকে একটি আঁটসাঁট পিণ্ডের মত করে কুঁকড়ে নিয়ে, সে এক গভীর ও অস্থির ঘুমে নিমজ্জিত হল।



গাধা ঘুম থেকে উঠে একজন অদ্ভুত বয়স্ক লোককে তার দিকে তাকিয়ে থাকতে দেখল। সে বৃদ্ধ লোকটির চোখের দিকে তাকাল এবং এক ঝলক আশা অনুভব করতে শুরু করল।



গাধা বৃদ্ধ লোকটির সাথে থাকতে চলে গেল, যিনি তাকে বেঁচে থাকার বিভিন্ন উপায় শেখালেন। গাধা শুনত ও শিখত, এবং বৃদ্ধ লোকটিও তাই করত। তারা একে অপরকে সাহায্য করত এবং একসাথে হাসত।



এক সকালে, বৃদ্ধ লোকটি গাধাকে তাঁকে বহন করে একটি পাহাড়ের চুড়োয় নিতে বললেন।



উঁচুতে মেঘপুঞ্জের মাঝে তারা ঘুমিয়ে পড়ল। গাধা স্বপ্ন দেখল যে তার মা অসুস্থ এবং তাকে ডাকছে। এবং যখন সে জেগে উঠল...



... মেঘপুঞ্জ তার বন্ধু, বৃদ্ধ লোকটি সহ অদৃশ্য হয়ে গেছে।



গাধা শেষ পর্যন্ত বুঝতে পারল কি করতে হবে।



গাধা তার মাকে খুঁজে পেল, তিনি একা একা তাঁর হারিয়ে যাওয়া সন্তানের জন্য শোক করছিলেন। তারা একে অপরের দিকে অনেকক্ষণ তাকিয়ে থাকল। এবং তারপর একে অপরকে শক্ত করে জড়িয়ে ধরল।



গাধারূপী বাচ্চা আর তার মা একত্রে বেড়ে উঠেছে এবং পাশাপাশি জীবনযাপনের অনেক উপায় খুঁজে পেয়েছে। ধীরে ধীরে, তাদের চারপাশে, অন্যান্য পরিবার বসতি স্থাপন শুরু করেছে।

# Storybooks Canada

storybookscanada.ca

## গাধারূপী বাচ্চা

Written by: Lindiwe Matshikiza
Illustrated by: Meghan Judge
Translated by: Asma Afreen

This story originates from the African Storybook (africanstorybook.org) and is brought to you by Storybooks Canada in an effort to provide children's stories in Canada's many languages.

This work is licensed under a Creative Commons Attribution 4.0 International License.